

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০২৬

- ১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)
- পরিচ্ছেদঃ ১০৩, হায়িযগ্রস্ত মহিলা আল্লাহর যিকির করবে কিন্তু করআন পাঠ করবে না

بَابُ الْحَائِضِ تَذْكُرُ اللَّهَ عَزَّ وَجَلَّ وَلَا تَقْرَأُ الْقُرْآنَ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا الْحَكَمُ عَنْ إِبْرَاهِيمَ قَالَ كَانَ عُمَرُ يَكْرَهُ أَوْ يَنْهَى أَنْ يَقْرَأَ الْجُنُبُ قَالَ شُعْبَةُ وَجَدْتُ فِي الْكِتَابِ وَالْحَائِضُ

إسناده صحيح

বাংলা

১০২৬. হাকাম হতে বর্ণিত, ইবরাহীম রাহি. বলেন, উমার রাদ্বিয়াল্লাহু আনহু 'জুনুবী' ব্যক্তি ও হায়িযগ্রস্ত মহিলার কুরআন পাঠ অপছন্দ করতেন কিংবা নিষেধ করতেন।[1]

শু'বাহ বলেন, আমি কিতাবে (অতিরিক্ত) পেয়েছি: 'এবং হায়িযগ্রস্ত মহিলা।'

ফুটনোট

[1] তাহকীক এর সনদ সহীহ।

তাখরীজ: আব্দুর রাযযাক নং ১৩০৭; ইবনু আবী শাইবা ১/১০২ সহীহ সনদে, ১/১০৩ মুনকাতি' বা বিচ্ছিন্ন সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হাকাম ইবনু সুফইয়ান (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন